



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

সমৃদ্ধশালী কর্মক্ষেত্র সম্পর্ক শীষক সেমিনার অনুষ্ঠিত



এইচ আর বিশেষজ্ঞদের থেকে শেখার উদ্দেশ্যকে সামনে রেখে ৩১ মার্চ-২০১৮, শনিবার, সকাল ৯.৩০টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের ১০ম ব্যাচের শিক্ষার্থীদের উদ্যোগে “সমৃদ্ধশালী কর্মক্ষেত্র সম্পর্ক (Prosperous Workplace Relationship)” শীষক সেমিনার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

সভার আহ্বায়ক হিসেবে উপস্থিত ছিলেন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক তাহমিনা রিতা। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ট্রান্সকম ইলেকট্রনিক্স লিমিটেড-এর এইচ আর এম; এম আই এস এবং আইটি বিভাগের সহকারী সাধারণ ব্যবস্থাপক আরীফুর রহমান খান।

এছাড়াও এসি আই লিমিটেড এর ডিরেক্টর এইচ আর শিবলী এইচ আহমেদ এবং ডেকো ফুড লিমিটেড এর হেড অব এইচ আর মোঃ মঈনুল ইসলাম উপস্থিত ছিলেন। এসময় বিজনেস স্টাডিজ অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।